# কালিয়াকৈর উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২১ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ কামাল উদ্দিন সিকদার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কালিয়াকৈর, গাজীপুর।

তারিখ ঃ ০৯/০৯/২০২১ খ্রি.।
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভার সম্মানিত সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়াকৈর, গাজীপুর জনাব মোঃ কামাল উদ্দিন সিকদার সভায় উপস্থিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও কালিয়াকৈর উপজেলা পরিষদের উপদেষ্টা আলহাজ্ব এডভোকেট আ.ক.ম মোজাম্মেল হক এম.পি মহোদয়সহ সম্মানিত সদস্যগণকে স্বাগত জানান। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, কালিয়াকৈরকে সভা পরিচালনার জন্য অনুরোধ করলে তিনি আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। এরপর নিম্নোক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | বিগত সভার সিদ্ধান্ত পাঠ ও অনুমোদন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | সংশ্লিষ্ট সকল |
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, হাসপাতালের সার্বিক পরিস্থিতি ভাল। হাসপাতালে বৈদ্যুতিক ফ্যানগুলোর অধিকাংশই বিকল/নষ্ট। এই গরমে রোগীদের খুব কষ্ট করতে হচ্ছে। তাছাড়া হাসপাতালে করোনা ইউনিটের জন্য কিছু অক্সিজেন সিলিন্ডার পাওয়া গেলে আগত রোগিদের সেবা প্রদান আরো সহজ হয়। তাছাড়া বিভাগের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | হাসপাতালের আগত রোগিদের সেবার মান বৃদ্ধির লক্ষ্যে হাসপাতালে ৫০(পঞ্চাশ)টি বৈদ্যুতিক ফ্যান এবং করোনা ইউনিটের জন্য অক্সিজেন সিলিন্ডার জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদের মাধ্যমে ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিঃ পরিঃ অফিসার এবং উপজেলা প্রকৌশলী |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, বর্তমানে উপজেলার সক্ষম দম্পতির সংখ্যা ৬১,১৯৬ জন। এর মধ্যে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৪৭,০৩৮ জন এবং গ্রহণকারীর হার ৭৬.৮৬%। স্থায়ী পদ্ধতি গ্রহণকারীর মোট সংখ্যা ৬,৯৯৯ জন যার মধ্যে চলতি মাসে ৬ জন সম্পাদিত হয়েছে, দীর্ঘ মেয়াদী পদ্ধতি ইমপ্লানন গ্রহণকারীর মোট সংখ্যা ২,৩৯১ যার মধ্যে ৩২ জন এ মাসে সম্পাদিত হয়েছে, আইইউডি গ্রহীতার মোট সংখ্যা ১,১৩৪ যার ৭ জন চলতি মাসে সম্পাদিত, অস্থায়ী পদ্ধতি খাবার বড়িতে আছে ২৬,২১০ জন, কনডম এ আছে ৫,৪৩২ জন এবং ৪,৮৮৬ জন ইনজেকশন গ্রহীতা রয়েছে। | পরিবার পরিকল্পনা, মা, শিশু-কিশোর এবং সাধারণ রোগীর প্রজনন স্বাস্থ্য সেবারমান বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ অব্যাহত রাখতে হবে। জনসংখ্যা নিয়ন্ত্রণ সংক্রান্ত সার্বিক কার্যক্রমের কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনের স্বার্থে মাঠ পর্যায়ে মনিটরিং ও সুপারভিশন কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| | ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে স্বাভাবিক প্রসব, প্রশিক্ষিত সিএসবিএ দ্বারা নিরাপদ স্বাভাবিক প্রসব সম্পন্ন করা হচ্ছে। পরিবার কল্যাণ পরিদর্শিকা, সিএসবিএ দ্বারা গর্ভকালীন সেবা, গর্ভোত্তর সেবা এবং নবজাতকের সেবা প্রদান সহ মাঠপর্যায়ে ১১টি স্যাটেলাইট ক্লিনিক সংগঠনের মাধ্যমে গর্ভকালীন, গর্ভোত্তর, শিশু, কিশোর-কিশোরী সেবা প্রদান করা হয়েছে। | ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে স্বাভাবিক প্রসব, প্রশিক্ষিত সিএসবিএ দ্বারা নিরাপদ স্বাভাবিক প্রসব সম্পন্ন, পরিবার কল্যাণ পরিদর্শিকা, সিএসবিএ দ্বারা গর্ভকালীন সেবা, গর্ভোত্তর সেবা এবং নবজাতকের সেবা প্রদানসহ মাঠ পর্যায়ে স্যাটেলাইট ক্লিনিক সংগঠনের মাধ্যমে গর্ভকালীন, গর্ভোত্তর, শিশু, কিশোর-কিশোরী সেবা প্রদান অব্যাহত রাখতে হবে। | |
| | মাঠ পর্যায়ে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ২৪ ঘন্টা স্বাভাবিক প্রসব সেবা দেয়া হচ্ছে। তাছাড়া গর্ভকালীন, গর্ভোত্তর সেবা, মা, শিশু স্বাস্থ্য ও প্রজনন স্বাস্থ্য বিষয়ক সেবা এবং করোনা সংক্রমন সম্পর্কিত সতর্কতা এবং পরামর্শ দেয়া হচ্ছে। | মাঠ পর্যায়ে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ২৪ ঘন্টা স্বাভাবিক প্রসব সেবা, গর্ভকালীন, গর্ভোত্তর সেবা, মা, শিশু স্বাস্থ্য ও প্রজনন স্বাস্থ্য বিষয়ক সেবা এবং করোনা সংক্রমন সম্পর্কিত সতর্কতা এবং পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে। | |

| | | | |
|---|---|---|---|
| | মাঠ পর্যায়ে প্রতিটি ওয়ার্ডে পরিবার কল্যাণ সহকারীর মাধ্যমে পরিবার পরিকল্পনা সেবা, পরামর্শ, উদ্বুদ্ধকরণ সহ কমিউনিটি ক্লিনিকে সেবা কার্যক্রমে সহায়তা প্রদান করা হচ্ছে। আশ্রয়ন/আবাসন প্রকল্পে বসবাসকারী দম্পতিদের ৮৫% পরিবার পরিকল্পনা পদ্ধতির মধ্যে রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | মাঠ পর্যায়ে প্রতিটি ওয়ার্ডে পরিবার কল্যাণ সহকারীর মাধ্যমে পরিবার পরিকল্পনা সেবা, পরামর্শ, উদ্বুদ্ধকরণ সহ কমিউনিটি ক্লিনিকে সেবা কার্যক্রমে সহায়তা প্রদান। আশ্রয়ন/আবাসন প্রকল্পে বসবাসকারী দম্পতিদের পরিবার পরিকল্পনা পদ্ধতির মধ্যে অর্ন্তভূক্তিকরণসহ বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরের খরিপ-২ মৌসুমে কৃষি প্রণোদনার কর্মসূচীর আওতায় ১৫০জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে রোপা আমন ধান বীজ ও সার, বিতরণ করা হইবে। বর্তমানে সারের কোন সংকট নাই। | কৃষক/কৃষানীর মাঝে বিনামূল্যে সার ও বীজ বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন ও নিয়মিত মনিটরিং অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার |
| মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার (ভাঃ প্রা) জানান যে, এ মাসে ন্যাশনাল এগ্রিকালচার টেকনোলজি প্রজেক্টইর আওতায় ০৬ ব্যাচ প্রতি ব্যাচে ৩০ জন করে প্রশিক্ষণ প্রদান, এবং ৩১০০টি গবাদিপশুকে বিনামূল্যে চিকিৎসা প্রদান করা হয়। তিনি আরো জানান যে, ০৮টি মাঠ দিবস এবং খামারীদের সমন্বয়ে ০১টি এক্সপোজার ভিজিট করা হয়। | খামারীদের প্রশিক্ষণ প্রদান, গবাদিপশু বিনামূল্যে চিকিৎসা প্রদান অব্যাহত রাখতে হবে। | উপজেলা মৎস্য অফিসার |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, এলডিডিপি প্রকল্পের আওতায় ২৯৬০টি গবাদি পশুকে ক্ষুরা রোগ টিকা প্রতিষেধক প্রদান করা হয়েছে। **NATP** প্রকল্পের আওতায় ২৭টি সিআইজিতে ফ্রী গবাদিপশু ও হাঁস-মুরগীর টিকা প্রদান করা হয়েছে। | এলডিডিপি প্রকল্পের আওতায় গবাদি পশুকে ক্ষুরা রোগ টিকা প্রতিষেধক প্রদান এবং **NATP** প্রকল্পের আওতায় সিআইজিতে ফ্রী গবাদিপশু ও হাঁস-মুরগীর টিকা প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে মানবিক সহায়তা প্রদানের লক্ষ্যে ৫৮.০০০ মেঃটন চাল এবং ত্রাণ সামগ্রী ক্রয়ের জন্য ২,০২,০০০/- বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দ প্রাপ্ত ত্রাণ সামগ্রী ইউনিয়নওয়ারী বিভাজন করা হয়েছে। দ্রুততম সময়ে নীতিমালা অনুযায়ী উপকারভোগীর তালিকা প্রস্তুত করার জন্য ইউনিয়ন চেয়ারম্যান সাহেবদের অনুরোধ করা হয়। তালিকা প্রাপ্তি সাপেক্ষে বিতরণ করা হবে। দপ্তরে অন্যান্য কাজ চলমান। | ২০২১-২০২২ অর্থ বছরে মানবিক সহায়তা প্রদানের লক্ষ্যে বরাদ্দ প্রাপ্ত ত্রাণ সামগ্রী নীতিমালা অনুযায়ী ইউনিয়নওয়ারী বিভাজন করতঃ উপকারভোগীর তালিকা সকল ইউনিয়ন পরিষদের মাধ্যমে প্রাপ্তি সাপেক্ষে বিতরনের কাজ দ্রুত সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার |
| প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার জানান, অত্র উপজেলার কাইনারা সরকারি প্রাথমিক বিদ্যালয়টি মৌচাক ইউনিয়নে সফিপুর বাজারের নিকটবর্তী অবস্থিত। সফিপুর হতে মাবুখানগামী রাস্তাটি কাইনারা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠের উপর দিয়ে চলে গেছে। এলাকাটি জনবহুল এবং অনেক রিক্সা, ভ্যান ও গাড়ী যাতায়াত করে। এর ফলে যে কোন সময় বিদ্যালয়ের কোমলমতি শিক্ষার্থীরা দুর্ঘটনার স্বীকার হতে পারে। তাই বিদ্যালয়টিতে যত দ্রুত সম্ভব বাউন্ডারী ওয়ালের ব্যবস্থা করতে অনুরোধ জানানো হয়। | কাইনারা সরকারি প্রাথমিক বিদ্যালয়টি কোমলমতি শিক্ষার্থীরা দূর্ঘটনার স্বীকার হতে রক্ষার নিমিত্ত বিদ্যালয়টিতে দ্রুত বাউন্ডারী ওয়াল নির্মানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ২০২১-২০২২ ভিজিডি চক্রের উপকারভোগীদের নিয়মিত ভিজিডি চাল বিতরণ করা হচ্ছে। | ভিজিডি চক্রের উপকারভোগীদের নিয়মিত ভিজিডি চাল বিতরণ কার্যক্রম বিধিবিধান অনুযায়ী সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| | দরিদ্র মা'র জন্য মাতৃত্বকালীন ভাতা প্রদান কর্মসূচী, মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ (আইজিএ) প্রকল্পসহ অত্র দপ্তরের অন্যান্য কাজ যথারীতি চলমান রয়েছে। | দরিদ্র মা'র জন্য মাতৃত্বকালীন ভাতা প্রদান কর্মসূচী, মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ (আইজিএ) প্রকল্পসহ অন্যান্য কাজ যথারীতি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| | | | |
|---|---|---|---|
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, যুব উন্নয়ন অধিদপ্তরের অধীন জাতীয় যুব দিবস উদ্‌যাপন এবং বিভিন্ন যুব সমিতির মাঝে বিনামূল্যে খেলাধুলা সামগ্রী বিতরণ করার জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা উপজেলা (এডিবি)'র বরাদ্দ হতে প্রদানের জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার প্রস্তাব করেন। | জাতীয় যুব দিবস উদ্‌যাপন এবং নিবন্ধিত যুব সমিতির মধ্যে বিনামূল্যে খেলাধুলা সামগ্রী বিতরণ করার জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার প্রকল্প প্রাক্কলন প্রস্তুতপূর্বক উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার/ উপজেলা প্রকৌশলী |
| প্রকৌশল বিভাগ (এলজিইডি) | উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ (উপজেলা-২ শাখা) হতে স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৫.২০.০০৪.২১-৪৫৪ তারিখ ১৬/০৮/২০২১খ্রিঃ মোতাবেক ভাইরাস কোভিড-১৯ বিস্তার রোধকল্পে (মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, এ্যান্টিসেপটিক সাবান, পালস্ অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার, থার্মাল স্ক্যানার) ইত্যাদি বিতরণের জন্য কালিয়াকৈর উপজেলায় ৩.৪৭ টাকা অনুমোদন পাওয়া যায়। ২টি প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) এর মাধ্যমে কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন প্রয়োজন। | কালিয়াকৈর উপজেলায় ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ (উপজেলা-২ শাখা) হতে কোভিড-১৯ ভাইরাস বিস্তার রোধকল্পে (মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, এ্যান্টিসেপটিক সাবান, পালস্ অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার, থার্মাল স্ক্যানার) ইত্যাদি বিতরণের জন্য ২টি প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) এর মাধ্যমে কাজগুলো বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| | আটাবহ ইউনিয়নের ১ নং ওয়ার্ডের ঘোলার টেকি শাহজাহান এর বাড়ী হইতে মন্দির পর্যন্ত আসন্ন দূর্গাপূজা উপলক্ষ্যে রাস্তা ব্রিক ফ্ল্যাট সলিং করা প্রয়োজন। সে লক্ষ্যে ১.০০ টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এর মাধ্যমে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থদ্বারা কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন প্রয়োজন। | আটাবহ ইউনিয়নের ১নং ওয়ার্ডের ঘোলার টেকি শাহজাহান এর বাড়ী হইতে মন্দির পর্যন্ত রাস্তা ব্রিক ফ্ল্যাট সলিং এর লক্ষ্যে ১.০০ টাকার প্রস্তুতকৃত প্রাক্কলন অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এর মাধ্যমে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থদ্বারা জরুরী ভিত্তিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | মৌচাক ইউনিয়নের ভান্নারা বাজারের উত্তর পার্শ্বে মেইন রোড থেকে মহসিন সাহেবের বাড়ী পর্যন্ত ইট সলিং দ্বারা উন্নয়নের জন্য গত আগষ্ট/২০২১ইং মাসে ২.০০ লক্ষ টাকার অনুমোদন পাওয়া যায়। বাস্তবিক পক্ষে কাজটি ব্রিক সলিং এর পরিবর্তে এইচবিবি দ্বারা উন্নয়ন করা প্রয়োজন। প্রকল্প কমিটির মাধ্যমে উক্ত টাকার মধ্যে কাজটি এইচবিবি দ্বারা উন্নয়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন প্রয়োজন। | মৌচাক ইউনিয়নের ভান্নারা বাজারের উত্তর পার্শ্বে মেইন রোড থেকে মহসিন সাহেবের বাড়ী পর্যন্ত রাস্তাটি ব্রিক সলিং এর পরিবর্তে এইচবিবি দ্বারা বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, প্রকল্প কমিটির মাধ্যমে উক্ত টাকার মধ্যে কাজটি এইচবিবি দ্বারা উন্নয়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | মৌচাক ইউনিয়নের সাহেবাবাদ মন্দির রাস্তা আসন্ন দূর্গাপুজা উপলক্ষে ব্রিক ফ্লাট সলিং করা প্রয়োজন। উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থদ্বারা ২.০০ লক্ষ টাকা প্রাক্কলিত মূল্যে প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এর মাধ্যমে কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন প্রয়োজন। | মৌচাক ইউনিয়নের সাহেবাবাদ মন্দির রাস্তা ব্রিক ফ্লাট সলিং নিমিত্ত ২.০০ লক্ষ টাকার প্রস্তুতকৃত প্রাক্কলন অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এর মাধ্যমে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থদ্বারা জরুরী ভিত্তিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | বোয়ালী ইউনিয়নের বন্যায় ক্ষতিগ্রস্থ অংশ রঘুনাথপুর বাজার হইতে ব্রিজ পর্যন্ত রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন করা প্রয়োজন। উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থদ্বারা ২.০০ লক্ষ টাকা প্রাক্কলিত মূল্যে প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এর মাধ্যমে কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন প্রয়োজন। | বোয়ালী ইউনিয়নের বন্যায় ক্ষতিগ্রস্থ অংশ রঘুনাথপুর বাজার হইতে ব্রিজ পর্যন্ত রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়নের নিমিত্ত উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থদ্বারা ২.০০ লক্ষ টাকা প্রাক্কলিত মূল্যে প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এর মাধ্যমে কাজটি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | শ্রীফলতলী ইউনিয়নের ভোঙ্গাবাড়ী ইট খোলা হইতে ঘাটাখালী নদীর পাড় পর্যন্ত রাস্তা ব্রিক ফ্ল্যাট সলিং করা প্রয়োজন। উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থদ্বারা ২.০০ লক্ষ টাকা প্রাক্কলিত মূল্যে প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এর মাধ্যমে কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদন প্রয়োজন। | শ্রীফলতলী ইউনিয়নের ভোঙ্গাবাড়ী ইট খোলা হইতে ঘাটাখালী নদীর পাড় পর্যন্ত ব্রিক ফ্ল্যাট সলিং রাস্তা উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থদ্বারা ২.০০ লক্ষ টাকা প্রাক্কলিত মূল্যে প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এর মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| | | | |
|---|---|---|---|
| | সীমিত দরপত্র পদ্ধতির আওতায় ২০২১-২০২২ ইং অর্থ বছরে ক্রয় কার্য সম্পাদনের জন্য ঠিকাদার অন্তর্ভূক্তির বিজ্ঞপ্তি ২টি জাতীয় ও ১টি স্থানীয় পত্রিকায় প্রকাশিত হয়েছে। ৩টি পত্রিকার বিজ্ঞাপন বিল মোট ৪৬,৫৫২.০০ টাকা। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থদ্বারা বিল পরিশোধের নিমিত্ত্ব উপজেলা উন্নয়ন সভায় অনুমোদন প্রয়োজন। | সীমিত দরপত্র পদ্ধতির আওতায় ২০২১-২০২২ ইং অর্থ বছরে ক্রয় কার্য সম্পাদনের জন্য ঠিকাদার অন্তর্ভূক্তির বিজ্ঞপ্তি ২টি জাতীয় ও ১টি স্থানীয় পত্রিকায় প্রকাশিত পত্রিকার বিজ্ঞাপন বিল মোট ৪৬,৫৫২.০০ টাকা। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থদ্বারা বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| জনস্বাস্থ্য বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ২০টি দ্বিতলা ওয়াসব্লক এর কাজ চলমান অবস্থায় আছে। "জলবায়ূ পরিবর্তনের ঝুঁকি মোকাবেলায় গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলায় নিরাপদ পানি সরবরাহ" প্রকল্প হতে ৫১টি, "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" হতে ৪৬৮টি এবং "অগ্রাধিকারমুলক পানি সরবরাহ প্রকল্প" হতে ৫৬টি সাবমারবিল পাম্প যুক্ত নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে। "৩২ পৌরসভায় পানি সরবরাহ ও মানব বর্জ্য ব্যবস্থাপনাসহ এনভায়রনমেন্টাল স্যানিটেশন প্রকল্প" হতে ৭১ কিঃ মিঃ পাইপ লাইনের কাজ, ২০ টি কমিউনিটি টয়লেট ও ৭টি পাবলিক টয়লেট এ কাজ চলমান অবস্থায় রয়েছে। | চলমান কাজগুলো নির্ধারিত সময় অনুযায়ী বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার জানান যে, মোট সমিতির সংখ্যা-৬০১ টি। তন্মধ্যে বিভাগীয় প্রাথমিক সাধারণ সমিতি-৩২৯ টি, বিআরডিবি ভুক্ত প্রাথমিক সমিতির সংখ্যা -২৭৪ টি ও কেন্দ্রীয় ১টি। মোট অডিট যোগ্য/ কার্যকর সমিতি -১৪৯ টি, অডিট সম্পাদনকৃত বিভাগীয় প্রাথমিক সমিতির সংখ্যা- ১০ টি। (২০১৮-২০১৯) সনের অডিট ফি ধার্যের পরিমান- ১,১০,৪৩০/-টাকা ও অডিট ফি আদায়ের পরিমান- ১,১০,৪৩০/-টাকা। (২০১৮-২০১৯) সনের সমবায় উন্নয়ন তহবিল ধার্যের পরিমান-৩৫,২৩৪/-টাকা ও সমবায় উন্নয়ন তহবিল আদায়ের পরিমান- ৩৫,২৩৪/-টাকা। চলতি বছর (২০১৯-২০২০) সনের অডিট ফি ধার্যের পরিমান- ৬৪,০৯০/-টাকা ও চলতি বছরের অডিট ফি আদায়ের পরিমান- ০০ টাকা। চলতি বছর (২০১৯-২০২০) সনের সমবায় উন্নয়ন তহবিল ধার্যের পরিমান-৯৮,২৩২/-টাকা ও চলতি বছরের সমবায় উন্নয়ন তহবিল আদায়ের পরিমান- ০০ টাকা। | নিবন্ধনকৃত সমিতি সমূহের মধ্যে অডিটযোগ্য সমিতি সমূহের অডিট কার্যক্রম দ্রুত যথাযথভাবে সম্পন্ন করতে হবে। ২০১৯-২০২০ অর্থ বছরে সমবায় উন্নয়ন তহবিল সঠিকভাবে আদায় নিশ্চিত করতে হবে। সমবায় বিভাগ কর্তৃক ভুলুয়া ও সোনাতলা আশ্রয়ন প্রকল্পে বিতরণকৃত ঋণ আদায়ের হার সন্তোষজনক পর্যায়ে উন্নীত করার লক্ষ্যে কাজ করতে হবে। | উপজেলা সমবায় অফিসার |
| পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড মূল কর্মসূচী সহ অন্যান্য প্রকল্প/কর্মসূচী সমূহে দক্ষতার সহিত ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত রেখেছে। এ প্রেক্ষাপটে আগস্ট/২০২১ ইং মাসে বর্ণিত সমিতি ও দলের সদস্য/সদস্যাদের মধ্যে ৪১.১৫ (লক্ষ) টাকা ঋণ বিতরণ করে এবং ইতিপূর্বে বিতরণকৃত ঋণ হতে ৪৯.০৪ (লক্ষ) টাকা আদায় করা হয়েছে। আদায়কৃত ঋণের মধ্যে মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমাণ ০.৮৭ (লক্ষ) টাকা। ঋণ আদায়ের হার- ৯৮%। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ-৯৪৬০.৮৩ লক্ষ টাকা এবং ক্রমপুঞ্জিত ঋণ আদায় ৮৯৮৬.০৫ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত বিতরণকৃত ঋণের মধ্যে মেয়াদোত্তীর্ণ ৬৯.৪১ (লক্ষ) টাকা আদায়কল্পে কার্যক্রম জোরদার করা হয়েছে। মাসে মোট শেয়ার জমা ০.০৩ লক্ষ টাকা, সঞ্চয় জমা ২.২৭ লক্ষ টাকা, মোট শেয়ার জমা ৪০.০৫ লক্ষ টাকা ও মোট সঞ্চয় জমা ২০২.০১ লক্ষ টাকা। | ইউসিসিএ লিঃ এর আওতাভূক্ত প্রকল্প/কর্মসূচীসমূহের সমিতি ও দলের সদস্য/সদস্যাদের মধ্যে নীতিমালা/ বিধিমোতাবেক ঋণ বিতরণের তুলনায় আদায় আরও বৃদ্ধি করতে হবে। ক্রমপুঞ্জিত বিতরণকৃত ঋণের মধ্যে খেলাপী/মেয়াদোত্তীর্ণ এবং খেলাপী ঋণ আদায়ের হার পর্যায়ক্রমে আরও বৃদ্ধি করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| | পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় সুত্রাপুর, ফুলবাড়িয়া ও চাপাইর ইউনিয়নে ০১টি করে মোট ০৩টি ইউনিয়ন সমন্বয় সভা সম্পন্ন হয়েছে। | সুত্রাপুর, ফুলবাড়িয়া ও চাপাইর ইউনিয়নে পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় সম্পন্নকৃত কাজ নিয়মিত মনিটরিং করতে হবে। | |
| | উক্ত মাসে ৬ (ছয়) টি সেমিনার অনুষ্ঠিত হয়েছে। সেমিনারে বাল্য বিবাহ প্রতিরোধ, যৌতুক প্রতিরোধ, পরিবার পরিকল্পনার সুফল, নারী ও পুরুষের বৈষম্য দূরীকরণ, ইভটিজিং, সন্ত্রাস, | বাল্য বিবাহ প্রতিরোধ, যৌতুক প্রতিরোধ, পরিবার পরিকল্পনার সুফল, নারী ও পুরুষের বৈষম্য দূরীকরণ, ইভটিজিং, সন্ত্রাস, জঙ্গীবাদ প্রতিরোধ, আর্সেনিকমুক্ত | |

| | | | |
|---|---|---|---|
| | জঙ্গীবাদ প্রতিরোধ, আর্সেনিকমুক্ত পানি ও ফরমালিনমুক্ত খাবার, গাভী মোটাতাজাকরণ, হাঁসমুরগী পালন, বয়োজ্যেষ্ঠদের প্রতি আচরণ শিক্ষা, নিরক্ষরতা দূরীকরণসহ সচেতনতা বৃদ্ধির উপর আলোচনা করা হয়েছে। প্রতিটি সমিতিতে ঋণ বিতরণ ও সেমিনারের সময় ৯৫ জন ঋনী সদস্যের মাঝে বিভিন্ন প্রকার শাক-সবজীর বীজ ও চারা বিতরণ করা হয়। | পানি ও ফরমালিনমুক্ত খাবার, গাভী মোটাতাজাকরণ, হাঁসমুরগী পালন, বয়োজ্যেষ্ঠদের প্রতি আচরণ শিক্ষা, নিরক্ষরতা দূরীকরণসহ সচেতনতা বৃদ্ধি এবং প্রশিক্ষণ সমিতি ও দলের সদস্য/সদস্যাদের মধ্যে ঋণ প্রদান অব্যাহত রাখতে হবে। প্রতিটি সদস্য সমিতিতে ঋণ বিতরণের সময় শাক-সবজীর বীজ ও চারা বিতরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | |
| বন বিভাগ | রেঞ্জ কর্মকর্তা, কালিয়াকৈর/কাচিঘাটা জানান যে, বনভূমির আশেপাশে করাত কল স্থাপন নিষিদ্ধ তা সত্ত্বেও অবৈধভাবে করাত কল স্থাপন করা হচ্ছে। অবৈধভাবে স্থাপিত করাত কলগুলোতে উচ্ছেদ/মোবাইল কোর্ট কার্যক্রম পরিচালনা করা প্রয়োজন। | বনভূমির আশেপাশে স্থাপিত অবৈধ করাত কলগুলোতে উচ্ছেদ কার্যক্রম পরিচালনার নিমিত্ত মোবাইল কোর্ট/আইনি ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও রেঞ্জ কর্মকর্তা, কালিয়াকৈর/ কাচিঘাটা |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, ১। সরকারি নির্দেশনা মোতাবেক স্বাস্থ্যবিধি মেনে শিক্ষা প্রতিষ্ঠান খোলা হয়েছে এবং শ্রেণি কার্যক্রম চলছে। ২। শিক্ষা প্রতিষ্ঠান খোলার পর কোন সমস্যা হচ্ছে কিনা তা নিয়মিত মনিটরিং করা হচ্ছে। ৩। শিক্ষা প্রতিষ্ঠানে এ্যাসাইনমেন্ট কার্যক্রম চলমান রয়েছে। ৪। শিক্ষা প্রতিষ্ঠানে নিম্নস্বাক্ষরকারী এ্যাসাইনমেন্ট বিষয়ে নিয়মিত পরিদর্শন করছেন। ৫। অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করা হচ্ছে। | সরকারি নির্দেশনা মোতাবেক স্বাস্থ্যবিধি মেনে শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা কার্যক্রম পরিচালনা ও অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার জানান যে, উপজেলায় নতুন ভোটারদের রেজিষ্ট্রেশন কার্যক্রম, ভোটারদের তথ্য-উপাত্ত সংশোধন, স্থানান্তর, বিদ্যমান ভোটারদের পৌরসভা এবং ইউনিয়ন ভিত্তিক সিডিউল মোতাবেক স্মার্ট কার্ড বিতরণ এবং অন্যান্য বিভাগীয় কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | উপজেলায় নতুন ভোটারদের রেজিষ্ট্রেশন কার্যক্রম, ভোটারদের তথ্য-উপাত্ত সংশোধন, স্থানান্তর, বিদ্যমান ভোটারদের পৌরসভা ও ইউনিয়ন ভিত্তিক সিডিউল মোতাবেক স্মার্ট কার্ড বিতরণ সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাচন অফিসার |
| বিএডিসি সেচ বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী জানান যে, বৃহত্তর ঢাকা জেলা সেচ এলাকা উন্নয়ন প্রকল্পের আওতায় মনিশিকদার খাল পুনঃখনন-৩.৯০ কি.মি, গভীর নলকূপের ভূ-গর্ভস্থ সেচনালা বর্ধিত করণ-০৩টি, গভীর নলকূপের পাম্পঘর পুনঃনির্মাণ-০৪টি কাজ চলমান রয়েছে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কাজগুলো নির্ধারিত সময় অনুযায়ী গুনগতমান বজায় রেখে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (সেচ) |
| খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, ১। আউশ ফসলের নমুনা কর্তন, ২। মাসিক কৃষি মজুরীর তথ্য সংগ্রহ, ৩। বিভিন্ন ফসলের আনুমানিক তথ্য সংগ্রহ, ৪। বন জরিপ, ৫। পাট ফসলের নমুনা কর্তন, ৬ আউশ ফসলের মুল্য ও উৎপাদন খরচ জরিপ কাজ চলমান রয়েছে। | চলমান জরিপ কার্যক্রমগুলো সঠিকভাবে যথাসময়ে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার |
| আনসার ভিডিপি বিভাগ | সন্ত্রাস, বাল্য বিবাহ, মাদক, নারী ও শিশু পাচার রোধসহ জঙ্গীবাদ নির্মূলে প্রতিটি ক্যাম্প কমান্ডার ইউনিয়ন দলনেতা/দলনেত্রী ও আনসার কমান্ডারদের নিয়ে মাসিক সভায় বিস্তারিত আলোচনা করাসহ সতর্ক থাকার জন্য নির্দেশ প্রদান করা হয়। | গ্রামীন আইন শৃঙ্খলা রক্ষায় ইউনিয়ন দলনেতা/দলনেত্রী এবং বিভিন্ন আনসার ক্যাম্পের কমান্ডার নিয়ে সন্ত্রাস, বাল্য বিবাহ, মাদক, নারী ও শিশু পাচার রোধসহ জঙ্গীবাদ নির্মূল বিষয়ে আলোচনা ও নির্দেশনা প্রদান অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ভিডিপি অফিসার |
| | প্রতিমাসে ২১টি আনসার ক্যাম্প পরিদর্শন ও রেশন উত্তোলন এবং তা আনসার সদস্যদের মাঝে সুষ্ঠু ভাবে বিতরণের ব্যবস্থা করা হয়েছে। | আনসার ক্যাম্প পরিদর্শন ও রেশন উত্তোলন এবং তা আনসার সদস্যদের মাঝে সুষ্ঠুভাবে বিতরণ নিশ্চিত করতে হবে। | |
| | আনসারদের বেতন ভাতা প্রস্তুত করণ ও অনলাইনের মাধ্যমে সুষ্ঠু ভাবে ভাতাদি পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | আনসার সদস্যদের বেতন ভাতা প্রস্তুতকরণ ও অনলাইনের মাধ্যমে সুষ্ঠুভাবে ভাতাদি পরিশোধের ব্যবস্থা নিশ্চিত করতে হবে। | |
| | ১৫টি সশস্ত্র আনসার ক্যাম্প এর অস্ত্র ও গুলির নিরাপত্তা নিশ্চিতসহ তদারকি করা হয়েছে। | সশস্ত্র আনসার ক্যাম্পের অস্ত্র ও গুলির নিরাপত্তা নিশ্চিতসহ তদারকির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স বিভাগ | ইন্সপেক্টর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিসার |

| | | | |
|---|---|---|---|
| শিক্ষা প্রকৌশল বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী জানান, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী (শিক্ষা) |
| পল্লী বিদ্যুৎ বিভাগ | ডি.জি.এম পল্লী বিদ্যুৎ, কালিয়াকৈর জোনাল অফিস জানান যে, মুজিব বর্ষে শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রম চলমান আছে। অনলাইনে গ্রাহকের আবেদন গ্রহণ করা হয় এবং আবেদনের ০৭ দিনের মধ্যে আবাসিক সংযোগ প্রদান করা হয়। সংযোগ নেওয়ার জন্য গ্রহককে অফিসে আসার প্রয়োজন হয়না। অত্র প্রতিষ্ঠানের সার্বিক কর্মকান্ডে সকলের সহযোগিতা একান্ত কাম্য। | মুজিব বর্ষে শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া কালিয়াকৈর উপজেলায় বিদ্যুৎ পরিস্থিতি উন্নয়নের কার্যক্রম অব্যাহত রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম পল্লী বিদ্যুৎ(সকল) |
| তুলা উন্নয়ন বোর্ড | উপজেলা কটন ইউনিট অফিসার(ভার:) সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা কটন ইউনিট অফিসার |
| কালিয়াকৈর পৌরসভা | মেয়র, কালিয়াকৈর পৌরসভা জানান, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | মেয়র, কালিয়াকৈর পৌরসভা |
| পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক জানান যে, কালিয়াকৈর উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক এর আওতায় ইতোমধ্যে ২১৩ টি সমিতি গঠন করা হয়েছে। মোট সদস্য সংখ্যা ৮৫৬৬ জন। ক্রমপুঞ্জিত সঞ্চয় আদায় হয়েছে ৪৩৯.২২ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ হয়েছে ৩৮৪৩.১৩ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ আদায় হয়েছে ২৫৬৭.৪৮ লক্ষ টাকা। ঋণ আদায়ের হার ৭৭%। ইতোমধ্যে কোভিড-১৯ এ ক্ষতিগ্রস্থ ২৮৫ জন সদস্যের মাঝে ৯৯.৫০ লক্ষ টাকা কর্মসৃজন ঋণ বিতরণ করা হয়েছে। এবং ৩২১ জন কৃষকের মাঝে মোট ৫৪.৪৫ লক্ষ টাকা শস্যগোলা ঋণ বিতরণ করা হয়েছে। সমিতি পর্যায়ে ২১০.৫০ লক্ষ টাকা খেলাপী হিসেবে পড়ে আছে। খেলাপী ঋণ আদায়ে মাঠ পর্যায়ে বিভিন্ন কার্যক্রম গ্রহন করা হচ্ছে। সার্বিক কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য উপস্থিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সহ সকলের সহায়তা কামনা করছি। | পল্লী সঞ্চয় ব্যাংক এর আওতায় আওতায় গঠিত সমিতির সদস্য/সদস্যাদের মধ্যে নীতিমালা/বিধি মোতাবেক ঋণ বিতরণের তুলনায় আদায় আরও বৃদ্ধি করতে হবে। ক্রমপুঞ্জিত বিতরণকৃত ঋণের মধ্যে খেলাপী/মেয়াদোত্তীর্ণ এবং খেলাপী ঋণ আদায়ের হার আরও বৃদ্ধি করতে হবে। সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগনকে সহায়তা প্রদানের অনুরোধ জানানো হয়। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |

সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের নির্দেশনা প্রদান করে আর কোন আলোচনা না থাকায় স্থানীয় সংসদ সদস্য ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়সহ উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ কামাল উদ্দিন সিকদার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা
কালিয়াকৈর, গাজীপুর।

কার্যবিবরণী নং-০৫.৪১.৩৩৩২.০০০.০৮.০০২.১৯-৩৮৭

তারিখ ঃ ০৯/০৯/২০২১খ্রি.

বিতরণ ঃ সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। আলহাজ্ব এ্যাডভোকেট আ. ক. ম মোজাম্মেল হক এম.পি, মাননীয় মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও উপদেষ্টা, কালিয়াকৈর উপজেলা পরিষদ, গাজীপুর।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, গাজীপুর।
৪। মেয়র, কালিয়াকৈর পৌরসভা, কালিয়াকৈর, গাজীপুর।
৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়াকৈর, গাজীপুর।
৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়াকৈর, গাজীপুর।
৭। উপজেলা ........................................................ অফিসার, কালিয়াকৈর, গাজীপুর।
৮। চেয়ারম্যান ................................ইউপি(সকল), কালিয়াকৈর, গাজীপুর।
৯। জনাব ..............................

উপজেলা নির্বাহী অফিসার
কালিয়াকৈর, গাজীপুর।